# Sri Ramakrishna Ashrama Institute (High School)

**Class-VI**

**Sub : Mathematics**

**F.M.-40** **Assessment - 1** **Time - 1 hr 10 min**

1. সঠিক উত্তরটি নির্বাচন করো : 1x4=4

i) "ধ্রুবক" বলতে বুঝি এটির মান —

a) বিভিন্ন হতে পারে; b) একটি নির্দিষ্ট মান হবে; c) দুটি মান হবে; d) তিনটি মান।

ii) সংখ্যাগুলির গুণফল = তাদের গ.সা.গু x ল.সা.গু এই সূত্রটি প্রযোজ্য হবে —

a) 1 টি সংখ্যার জন্য; b) 3 টি সংখ্যার জন্য; c) 5 টি সংখ্যার জন্য; d) 2 টি সংখ্যার জন্য।

iii) একটি বইয়ের শীর্ষবিন্দুর সংখ্যা — a) 5 টি; b) 10 টি; c) 8 টি; d) 12 টি।

iv) একটি ভগ্নাংশকে লঘিষ্ঠ আকারে পরিণত করলে ভগ্নাশটির মান — a) অপরিবর্তিত থাকে, b) 1 বৃদ্ধি পায়; c) পরিবর্তিত হয়; d) হ্রাস পায়।

2. শূন্যস্থান পূরণ করো : 1x3=3

i) পরপর দুটি স্বাভাবিক সংখ্যার গ.সা.গু = ________।

ii) 1 ঘন্টার $\frac{3}{5}$ অংশ = ________ মিনিট।

iii) দুটি বক্ররেখা ________ বিন্দুতে ছেদ করে।

3. সত্য অথবা মিথ্যা নির্ণয় করো : 1x3=3

i) দুটি সংখ্যার ল.সা.গু = সংখ্যাগুলির গ.সা.গু ÷ সংখ্যাদুটির গুণফল।

ii) প্রকৃত ভগ্নাংশের মান সর্বদা 1 অপেক্ষা কম হয়।

iii) 9·017 সংখ্যাটিতে 7 এর স্থানীয় মান $\frac{7}{100}$।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : 2x6=12


i) 1 ডজন কলমের দাম 48 টাকা হলে, 256 টাকায় কতগুলি কলম কেনা যাবে?

ii) অনিরুদ্ধের উচ্চতা অনিমেষের উচ্চতার চেয়ে 2 সেমি বেশি। অনিমেষের উচ্চতার অর্ধেক $x$ সেমি হলে, অনিরুদ্ধের উচ্চতা কত?

iii) নীচের সংখ্যাগুলিকে কাছাকাছি 100 এর গুণিতকে পূর্ণসংখ্যায় নিয়ে গিয়ে যোগ করো : 4654 + 3942

iv) দুটি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 2175 এবং 145; যদি একটি সংখ্যা 725 হয়, তবে অপর সংখ্যাটি কত?

v) পাশের ছবিতে কতগুলি সরলরেখাংশ এবং রশ্মি আছে নির্ণয় করো।




vi) $\frac{3}{5}$ এর সমতুল্য ভগ্নাংশ লেখো যার লব এবং হরের সমষ্টি 56।

5. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো তিনটি) 3x3=9

i) 360 বিঘা জমি 20 দিনে চাষ করতে 4টি ট্রাক্টর লাগে। 1800 বিঘা জমি 10 দিনে চাষ করতে হলে কটি ট্রাক্টর লাগবে?

ii) বন্যার্তদের জন্য বিভিন্ন সংগঠন থেকে 587·45 কিগ্রা চাল, 290·35 কিগ্রা ডাল এবং 340·259 কিগ্রা আটা পাওয়া গেল। মোট কত খাদ্যসামগ্রী পাওয়া গেল?

iii) একটি বাঁশের $\frac{1}{2}$ অংশ কাদায়, $\frac{1}{3}$ অংশ জলের মধ্যে এবং জলের উপরে অবশিষ্ট 8 মিটার আছে। বাঁশটির কত দৈর্ঘ্য কাদা ও জলের ভিতর আছে?

iv) কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 2300 এবং 3500 কে ভাগ করলে যথাক্রমে 32 ও 56 ভাগশেষ থাকবে?

Cont... P-2

SRAI

6. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

i) 10(5+7) = 10 x 5 + 10 x 7 -একে বীজগণিতে কী নিয়ম বলে? 1

ii) m সংখ্যক ত্রিভুজের মোট বাহুসংখ্যা কত? 2

iii) চিহ্ন ও প্রতীক দিয়ে বীজগাণিতিক সংখ্যামালা তৈরি করো :
$x$ এর 5 ভাগের একভাগ থেকে 2 কম, y এর সমান। 2

7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

i) একটি ঘনকের ভূমি কী আকৃতি বিশিষ্ট? 1

ii) একটি বিন্দু দিয়ে কতগুলি রশ্মি অঙ্কন করা যায়? 1

iii) সরলরেখা এবং সরলরেখাংশের মধ্যে দুটি পার্থক্য লেখো। 2

S R A I